

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪০০

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - আংটির বর্ণনা

আরবী

وَعَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ طَرَفَةَ أَنَّ جَدَّهُ عَرِفجةَ بن أسعد قُطِعَ أَنْفُهُ يَوْمَ الْكُلَابِ فَاتَّخَذَ أَنْفًا مِنْ ذَهَبٍ. رَوَاهُ مِنْ وَرِقٍ فَأَنْتَنَ عَلَيْهِ فَأَمَرَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَتَّخِذَ أَنْفًا مِنْ ذَهَبٍ. رَوَاهُ التِّرْمِذِيِّ وَأَبُو دَاؤُد وَالنَّسَائِيِّ

বাংলা

8800-[১৮] 'আবদুর রহমান ইবনু ত্বরাফাহ্ (রহঃ) হতে বর্ণিত। কুলাবের যুদ্ধে তার দাদা 'আরফাজাহ্ ইবনু আস'আদ-এর নাক কাটা গিয়েছিল। তিনি রূপার দারা একটি নাক তৈরি করেছিলেন। ফলে তাতে দুর্গন্ধ দেখা দিলো। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে স্বর্ণের নাক তৈরি করতে নির্দেশ করলেন। (তিরমিযী, আবূ দাউদ ও নাসায়ী)[1]

ফুটনোট

[1] হাসান : তিরমিয়ী ১৭৭০, নাসায়ী ৫১৬১, আবূ দাউদ ৪২৩২, সিলসিলাতুস্ সহীহাহ্ ১৮৬৫, ইরওয়া ৮২৪, মার্ণরিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাকী ১৩৬৬, মুসায়াফ ইবনু আবূ শায়বাহ্ ২৫২৬৪, মুসনাদে আহমাদ ১৯০০৬, মুসনাদে আবূ ইয়া'লা ১৫০২, সহীহ ইবনু হিব্বান ৫৪৬২, শু'আবুল ঈমান ৬৩২৯, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ৪৩৯২।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ উল্লেখিত হাদীসের উপর ভিত্তি করেই 'উলামাগণ প্রয়োজনে স্বর্ণ দিয়ে নাক বানিয়ে নেয়া ও স্বর্ণ দ্বারা দাঁত বাঁধাই করা বৈধ করেছেন। তাহযীবুত্ তাহযীবে একাধিক বিদ্বান থেকে বর্ণিত রয়েছে, নিশ্চয় তারা তাদের নড়ে যাওয়া বা ভেঙ্গে যাওয়া দাঁতগুলোকে স্বর্ণ দ্বারা বাঁধাই করেছিলেন এবং আলোচ্য হাদীসটিই তারই প্রমাণ। (তুহফাতুল আহওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৭৭০)



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু ত্বরাফাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন